দৈনিক ইনকিলাব

তারিখ ... 16 MAY [illegible]
পৃষ্ঠা ৩ কলাম ৪

### বিতাড়িত ছাত্রদের সমাবেশ

# চট্টগ্রাম ভার্সিটির অচলাবস্থার জন্য ভিসি দায়ী

**চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার :** চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আবাসিক হলসমূহ হতে বিতাড়িত ছাত্রদের এক প্রতিবাদ সমাবেশ গতকাল বিকেলে চট্টগ্রাম বিআইএ মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

বিশ্ববিদ্যালয় শিবির সভাপতি মাহবুবুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে শিবিরের সেক্রেটারী জেনারেল এহসানুল মাহবুবু জোবায়ের, সাবেক কেন্দ্রীয় ও বিশ্ববিদ্যালয় শিবির নেতা হামিদুর রহমান আজাদ, রেজাউল করিম, জিএম রহিমুল্লাহ, মিজবাহুল কবির প্রমুখ বক্তব্য রাখেন।

বক্তাগণ অভিযোগ করেন চট্টগ্রাম ভার্সিটির বর্তমান অচলাবস্থার জন্য বর্তমান ভিসি দায়ী। হলসমূহ থেকে ছাত্রদের বিতাড়ন ও ছাত্রলীগের হল দখলের পেছনে তার মদদ রয়েছে বলে তারা অভিযোগ করেন। নেতৃবৃন্দ হলসমূহ বহিরাগতমুক্ত করে বৈধ ছাত্রদের হলে ওঠানোর দাবী জানিয়ে বলেন, অন্যথায় এর দাঁতভাঙ্গা জবাব দেয়া হবে।